

যুগান্তর

সরকার কারিগরি শিক্ষাকে যুগোপযোগী করে গড়ে তুলছে

-পররাষ্ট্র প্রতিমন্ত্রী

প্রকাশ : ১৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বাঘা (রাজশাহী) প্রতিনিধি

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এমপি বলেছেন, বর্তমান সরকার কারিগরি শিক্ষাকে যুগোপযোগী করে গড়ে তুলছে। একজন শিক্ষককে সময়মতো ক্লাসে এসে পাঠদান করাতে হবে। তবেই একজন ছাত্র মানুষ হয়ে প্রতিষ্ঠিত হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শিক্ষকদের ন্যায়সঙ্গত অধিকার ফিরিয়ে দেয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। শনিবার দুপুরে মোজাহার হোসেন মহিলা ডিগ্রি কলেজ মাঠে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির বাঘা উপজেলা শাখার ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সম্মেলনে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ নছিম উদ্দিন। উপাধ্যক্ষ ওয়াহেদ সাদীক কবিরের পরিচালনায় প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির রাজশাহী জেলা শাখার সভাপতি শফিকুর রহমান বাদশা। বিশেষ অতিথি ছিলেন সম্পাদক অধ্যক্ষ রাজকুমার সরকার, বাঘা উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহিন রেজা, উপজেলা আলীগের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম বাবুল প্রমুখ। এর আগে বাঘায় মোজাহার হোসেন মহিলা ডিগ্রি কলেজের নতুন চারতলা ভবনের ভিত্তিপ্রস্তর করেন প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। পরে মাজাহার হোসেন মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ নছিম উদ্দিনকে সভাপতি ও তেথুলিয়া শরিফাবাদ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ সাইফুল ইসলাম টগরকে সাধারণ সম্পাদক করে বাঘা উপজেলা কলেজ শিক্ষক সমিতির ৫১ সদস্যের কমিটি গঠন করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।